

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্য বিবরণী

নম্বর: ৫৮

ময়মনসিংহে সংবিধান দিবস- ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (শনিবার, ০৪ নভেম্বর, ২০২৩ খ্রি.):

ময়মনসিংহ জেলা প্রশাসনের আয়োজনে আজ শনিবার (৪ নভেম্বর) সকালে ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়ে সংবিধান দিবস- ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। 'বঙ্গবন্ধুর ভাবনা সংবিধানের বর্ণনা' প্রতিপাদ্য নিয়ে এ বছর দিবসটি পালিত হচ্ছে।

সংবিধান রচনার প্রেক্ষাপট ও একটি রাষ্ট্রের জন্য সংবিধানের ভূমিকার ব্যাপারে সভায় বক্তাগণ বক্তব্য প্রদান করেন। বঙ্গবন্ধুর প্রণীত ১৯৭২ এর সংবিধানের প্রসঙ্গ টেনে সভায় ৭২-এর সংবিধানে পুনরায় ফিরে যাওয়ার ব্যাপারে আলোকপাত করা হয়।

সভায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের জেলা ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা কামাল পাশা বলেন, দেশবিরোধীদের কাছ থেকে সংবিধান টিকিয়ে রাখতে হবে। সবাইকে এক্ষেত্রে সহযোগিতা করতে হবে। বীর মুক্তিযোদ্ধা সেলিম সরকার বলেন, বঙ্গবন্ধু অতি অল্প সময়ের মধ্যে বাংলাদেশকে একটি সংবিধান উপহার দিয়েছেন যা পৃথিবীর ইতিহাসে বিরল পবিত্র সংবিধানকে রক্ষায় দেশের প্রতিটি নাগরিককে ভূমিকা রাখতে হবে।

বাংলাদেশ আওয়ামী লীগের ময়মনসিংহ জেলা শাখার সাধারণ সম্পাদক এডভোকেট মোয়াজ্জেম হোসেন বাবুল বলেন, সংবিধানের অর্থ হচ্ছে জনগণের অধিকার। বঙ্গবন্ধু প্রণীত ১৯৭২ সালের সংবিধান ছিলো মানব কল্যাণের সংবিধান, যা ছিলো পৃথিবীর শ্রেষ্ঠ সংবিধানগুলোর একটি।

আলোচনা সভায় সভাপতি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোঃ মোস্তাফিজার রহমান। তিনি বলেন, সংবিধান হচ্ছে জনগণের ইচ্ছার প্রতিফলন। ৭২ এর সংবিধানে এ ইচ্ছার প্রতিফলন দেখা যায়। তিনি বলেন, মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানার প্রয়োজন রয়েছে। একটি প্রজন্মই ছিল যারা বঙ্গবন্ধুকে জানার সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। বঙ্গবন্ধুকে চেনাতে শিক্ষাক্রমে বঙ্গবন্ধুকে সংযুক্ত করা হয়েছে, যাতে ইতিহাস বিকৃতি থেকে নতুন প্রজন্ম মুক্ত থাকতে পারে। সংবিধানকে সম্মুখ রাখতে রাজনৈতিক ও প্রশাসনিক ব্যক্তিত্বসহ সর্বস্তরের জনগণকে সচেতন থাকতে হবে।

আলোচনা সভায় ময়মনসিংহের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাসহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

#

রিদওয়ান/দেওয়ান/মনির/হদা/রেজভী/সজিব/২০২৩/১২:৩০ ঘন্টা